দৈনিক
ইত্তেফাক

তারিখ: 27 NOV 2017
পৃষ্ঠা: ১৫ কলাম: ৬

# এমপিওভুক্তির দাবিতে নড়াইলে শিক্ষকদের মানববন্ধন

■ নড়াইল প্রতিনিধি

সারাদেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন 'সেকায়েপ' প্রকল্পের অতিরিক্ত শ্রেণি শিক্ষকদের (এসিটি) এমপিওভুক্ত বা পরবর্তী প্রোগ্রামে অন্তর্ভুক্তির দাবিতে নড়াইলে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা ১১টায় নড়াইল প্রেসক্লাবের সামনের সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। প্রায় এক ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত এ মানববন্ধনে বক্তব্য রাখেন নড়াইল পৌরসভার কাউন্সিলর শরফুল আলম লিটু, অতিরিক্ত শ্রেণি শিক্ষক অ্যাসোসিয়েশন নড়াইল জেলা শাখার সভাপতি মিল্টন বিশ্বাস, সাধারণ সম্পাদক শেখ সাদী, যুগ্ম সম্পাদক তৌহিদ ইসলাম, সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম, দপ্তর সম্পাদক মিঠুন রায়, প্রচার সম্পাদক মো. সাদ্দাম হোসেন, মহিলা বিষয়ক সম্পাদক পুতুল খাতুন, অর্থ সম্পাদক প্রতাপ রায় প্রমুখ। বক্তারা বলেন, এসিটি শিক্ষকদের মধ্যে অনেকের চাকরির বয়স ইতোমধ্যে শেষ হওয়ায় এবং চাকরি এমপিওভুক্ত না হওয়ায় হতাশার মধ্যে দিন কাটাচ্ছেন। সেকায়েপের পরবর্তী প্রোগ্রাম 'সেকেন্ডারি অ্যাডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম' শুরু হতে যাচ্ছে। চাকরিরত এসব শিক্ষকদের এমপিওভুক্তি অথবা নতুন প্রোগ্রামে অন্তর্ভুক্তির দাবি জানান। মানববন্ধনে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত অতিরিক্ত শ্রেণি শিক্ষকরা উপস্থিত ছিলেন। এ সময় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ সহমত পোষণ করে মানববন্ধনে অংশগ্রহণ করেন।

## কেশবপুরে এসিটি শিক্ষকদের মানববন্ধন ও সমাবেশ

**কেশবপুর (যশোর) সংবাদদাতা॥** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এবং অ্যাকসেস এনহ্যান্সমেন্ট প্রজেক্টের আওতায় পরিচালিত এসিটি শিক্ষকদের পরবর্তী প্রোগ্রামে অন্তর্ভুক্তি বা চাকরি স্থায়ীকরণের দাবিতে কেশবপুর উপজেলায় কর্মরত শিক্ষকরা গতকাল রবিবার দুপুরে শহরের ত্রিমোহিনী মোড় চত্বরে মানববন্ধন ও সমাবেশ করেছে। এসিটি কেশবপুর শাখার সভাপতি শাহীনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন এসিটির সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম, শিক্ষক মামুন হাসান, মৃত্যুঞ্জয়, রাসেল হোসেন, মিঠুন দে, আশরাফুল ইসলাম, গাজী ইমরান প্রমুখ।